

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৪৭২  
উদয়পুর, ১৬ জানুয়ারি, ২০২৫

মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের পর্যালোচনা সভা  
বিভিন্ন প্রকল্পের সুবিধা যথাসময়ে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে হবে : মৎস্যমন্ত্রী

কেন্দ্র ও রাজ্য সরকারের যেসমস্ত প্রকল্প রয়েছে সেগুলির সুবিধা সাধারণ মানুষের কাছে যাতে যথাসময়ে গিয়ে পৌঁছায় তা সংশ্লিষ্টদের সুনিশ্চিত করতে হবে। আজ গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ এবং তপশিলি জাতি কল্যাণ দপ্তরের কাজকর্মের পর্যালোচনা করতে গিয়ে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস এই নির্দেশ দেন। তিনি বলেন, সাধারণ মানুষের কল্যাণে কেন্দ্রের এবং রাজ্যের বর্তমান সরকার কাজ করে চলেছে। এই লক্ষ্যে নেওয়া হয়েছে নানা কর্মসূচি। এই প্রকল্পগুলির সুফল সুবিধাভোগীদের কাছে যথাযথভাবে পৌঁছে দিতে হবে।

সভায় মৎস্য দপ্তরের উপঅধিকর্তা কৃষ্ণ হরি ত্রিপুরা জানান, আরআইডিএফ প্রকল্পের অধীন মির্জা, তুলামুড়া, গঙ্গাছড়ায় নতুন ফিস মার্কেট তৈরি করার উদ্যোগ নেওয়া হয়েছে। অমর সাগর ও ধনী সাগরে সোলার লাইট বসানোর কাজ শেষ হয়েছে। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার অধীণ ২০২৪-২৫ অর্থবর্ষে গোমতী জেলায় ৯৯ হেক্টর জমিকে মৎস্য চাষের আওতায় আনার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি আরও জানান, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ৫৬৬৪ জন মাছ চাষিকে ১ কোটি ৩৩ লক্ষ টাকা সহায়তা করা হয়েছে।

সভায় প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপঅধিকর্তা ডাক্তার বিল্ল দেববর্মা জানান, জামজুরি ভেটেরিনারি ডিসপেন্সারির উদ্বোধন হয়েছে। তাছাড়া তিনি জানান, কাকড়াবন ভেটেরিনারি ডিসপেন্সারি, উদয়পুরে ডিস্ট্রিক্ট ভেটেরিনারি হাসপাতালের নতুন ভবন, অমরপুরে ভেটেরিনারি হাসপাতালের নতুন পাকা ভবনের নির্মাণ কাজ চলছে। গোমতী জেলায় চলতি অর্থবর্ষে ৭ লক্ষ ৩৪ হাজার গবাদি পশুকে টিকা দেওয়া হয়েছে।

এই সভায় উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, জেলার বিভিন্ন ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, উদয়পুর পুর পরিষদ এবং অমরপুর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সনগণ, গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা ডা. এন চঞ্চল, মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস এবং তপশিলি জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা জয়ন্ত দে, মহকুমা শাসকগণ প্রমুখ।

\*\*\*\*\*